গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd.যুউঅ.বাংলা

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.১১.০৯৪.২৩(অংশ-১)- ৯৫৬ তারিখ : ০৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২০ মে ২০২৬

বিষয় : নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের রাজস্বখাতভূক্ত সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (গ্রেড-১১) (পূর্বপদ : ক্রেডিট সুপারভাইজার) পদে-২৪২(দুইশত বিয়াল্লিশ) টি শূন্য পদে অস্থায়ীভাবে জনবল নিয়োগের লক্ষ্যে 'নিয়োগ বিজ্ঞপ্তি' আপনার বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকার ভিতরের পৃষ্ঠায় ০১(এক) দিনের জন্য জরুরি ভিত্তিতে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : নিয়োগ বিজ্ঞপ্তি ০২(দুই) পাতা।

20.05.25

এম এ আখের
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন)
ফোনঃ ২২৩৩৮০৮৬৩
ও
সভাপতি
বিভাগীয় নিয়োগ কমিটি।

১। সম্পাদক
দৈনিক সমকাল
টাইমস মিডিয়া ভবন (৫মতলা)
৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮।

২। সম্পাদক
Dhaka Tribune
এফআর টাওয়ার, ৮/সি পান্থপথ
শুক্রাবাদ, ঢাকা-১২০৭।

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.১১.০৯৪.২৩(অংশ-১)- ৯৫৬ তারিখ : ০৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২০ মে ২০২৬

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

০১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে বিজ্ঞপ্তিটি Web Site-এ প্রকাশের জন্য অনুরোধসহ।
০৪। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৫। পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৬। অফিস কপি।

২০.০৫.২০২৬
( মোঃ আতিকুর রহমান )
উপপরিচালক (প্রশাসন-১)
ফোনঃ ২২৩৩৮৯৯৫২।

F/New Folder AYDO২৪২ পদে নিয়োগ 2026-12

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd. যুউঅ.বাংলা

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.১১.০৯৪.২৩(অংশ)- ৯০৮ তারিখ : ০৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ১৭ মে ২০২৬

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

যুব উন্নয়ন অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তে প্রকৃত বাংলাদেশি স্থায়ী বাসিন্দাদের নিকট হতে অনলাইনে নির্ধারিত ছকে আবেদন আহবান করা যাচ্ছে:

| ক্র: নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (পূর্বপদ : ক্রেডিট সুপারভাইজার) | ২৪২ (দুইশত বিয়াল্লিশ) টি | ১২৫০০-৩০২৩০/- গ্রেড-১১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রি। |

বি:দ্র: যুব উন্নয়ন অধিদপ্তরের গত ০১ অগ্রহায়ণ ১৪৩২/ ১৬ নভেম্বর ২০২৫ তারিখের ৩৪.০১.০০০০.০০৫.১১.০৯৪.২৩ (অংশ)-২৭৬৭ সংখ্যক স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যারা আবেদন করেছেন তাদের পূর্বের আবেদন কার্যকর থাকবে এবং পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই পূরণ করতে হবে:

০১. ২৩/০৬/২০২৬ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ বৎসর এবং সর্বোচ্চ ৩২ বৎসর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০২. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল করতে হবে। চাকুরিরত প্রার্থীদের বয়স শিথিলযোগ্য নয় ।

০৩. নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুযায়ী লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

০৪. চাকরির জন্য আবেদন আগামী ২৪/০৫/২০২৬ খ্রিস্টাব্দ তারিখ সকাল ০৯.০০ টা হতে ২৩/০৬/২০২৬ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ০৪:০০ টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। সরাসরি/ ডাকযোগে কোনো দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি/ ডাকযোগে প্রেরিত সকল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৫. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/ অনাপত্তিপত্র/ কাগজপত্রাদির মূল কপিসমূহ প্রদর্শনপূর্বক প্রতিটির ০১(এক)টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/ উপস্থাপনযোগ্য সকল সনদ/ অনাপত্তিপত্র/ কাগজপত্রাদির তালিকা নিম্নরূপ:

(i) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/ সাময়িক সনদপত্র;
(ii) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীর মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র;
(iii) স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
(iv) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ;

(v) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নামযুক্ত সিলসহ) প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
(vi) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা/ শহিদ মুক্তিযোদ্ধাগণের সন্তান/ বীরাঙ্গনার সন্তান) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র;
(vii) শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(viii) তৃতীয় লিঙ্গভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি;
(ix) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র; এবং

০৬. বাংলাদেশের নাগরিক নন এমন কারো সাথে বিবাহিত বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ কেউ আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

০৭. সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবীসহ সিল থাকতে হবে ।

০৮. নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান ও কোটা সম্পর্কিত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

০৯. আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০. পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো প্রকার টিএ/ডিএ দেয়া হবে না ।

১১. অসত্য/ ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য যে কোনো পর্যায়ে অসত্য/ ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ/ ভুয়া/ জাল/ মিথ্যা প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল করা বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/ নির্বাচন/ নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. বিজ্ঞপ্তিটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইট www.dyd.gov.bd এ পাওয়া যাবে।

১৩. লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.dyd.gov.bd এবং **http://dyd.teletalk.com.bd** ওয়েবসাইট হতে জানা যাবে।

১৪. অনলাইন আবেদনফরম পূরণ ও দাখিল করার নিয়মাবলি:

(ক) আগ্রহী প্রার্থীগণ http://dyd.teletalk.com.bd এ ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২৪/০৫/২০২৬ খ্রিস্টাব্দ সকাল ০৯:০০ টা।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৩/০৬/২০২৬ খ্রিস্টাব্দ বিকাল ০৪:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র দাখিলের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel ×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষর সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online এ পূরণকৃত আবেদনপত্রে প্রদত্ত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র দাখিল করার পূর্বে প্রদত্ত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। অসত্য তথ্য দাখিল করা হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে ফৌজদারি আইনের আওতায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ ঘোলা ) বা ছবি/ স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/ পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে User ID দেওয়া থাকবে। উক্ত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে নিম্নোক্তভাবে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ (অফেরতযোগ্য) ১৬৮/- (একশত আটষট্টি) টাকা [পরীক্ষার ফি ১৫০/-টাকা, টেলিটকের সার্ভিস চার্জ ১৮/-টাকা] অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। অনগ্রসর নাগরিকগণ পরীক্ষার ফি বাবদ (অফেরতযোগ্য) ৫৬/- (ছাপান্নো) টাকা [পরীক্ষার ফি ৫০/-টাকা, টেলিটকের সার্ভিস চার্জ ৬/-টাকা] অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

**প্রথম SMS :** DYD**<space>UserID** লিখে 16222 নম্বরে Send করতে হবে।
Example : DYD **ABCDEF**
Reply: Applicant's Name, Tk. 168/- or Tk. 56/- will be charged as application fee, Your PIN is xxxxxxxxxx. To pay fee Type **DYD** <Space>YES<Space>PIN and send to 16222

**দ্বিতীয় SMS:** **DYD<space>YES<space>PIN** লিখে 16222 নম্বরে Send করতে হবে।
Example : **DYD YES 123456789**

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DYD Recruitment Application for xxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxxx) বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

(চ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী কর্তৃক এ প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

(ছ) প্রবেশপত্র সংগ্রহের নোটিশ **http://DYD.teletalk.com.bd** এবং যুব উন্নয়ন অধিদপ্তর এর ওয়েবসাইট http://www.dyd.gov.bd এ পাওয়া যাবে। এছাড়া প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত SMS শুধুমাত্র যোগ্য প্রার্থীদের মোবাইল ফোন নম্বরে প্রেরণ করা হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়ে যোগাযোগ করা হবে বিধায় উক্ত **মোবাইল ফোন নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা**, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) **User ID জানা থাকলে:**
**DYD**<space>**Help**<space>**User**<space>**UserID** & Send to 16222. Example: **DYD Help User ABCDEF**

(ii) PIN Number জানা থাকলে:
**DYD<space>Help<space>PIN<space>PIN Number** & Send to 16222.
Example: **DYD Help PIN 123456789.**

(ঝ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobs bdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: **DYD**, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ঞ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৫. নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদ সংখ্যা হ্রাস/ বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/ পরিবর্তন/ সংযোজন, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৭.০৫.২৫

**এম এ আখের**
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন)
ফোনঃ ২২৩৩৮০৮৬৩।